

স্নাতক স্তর বাৎসরিক পরীক্ষা, ২০১৮



বাংলা

(ঐতিহাসিক)

(দ্বিতীয় বাৎসরিক)

পাঠক্রম নং : BNGP-201

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) এবং ছন্দ ও অলংকার ।

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্যায় সংখ্যা পূর্ণমান নির্দেশক


(ক) রাজা রামমোহন রায়ের উদ্যোগে কোন্ কু-প্রথা বন্ধ হয়েছিল? রামমোহন রায় রচিত ব্যাকরণ গ্রন্থটির নাম কী? বাংলা গদ্যসাহিত্যে রামমোহন রায়ের অবদান সম্পর্কে আলোচনা করো।

১+১+১২=১৪

অথবা

(ব) ঈশ্বরগুপ্ত সম্পাদিত পত্রিকাটির নাম কী? পত্রিকাটি কত সালে প্রকাশিত হয়? ঈশ্বরগুপ্তকে 'যুগসন্ধির কবি' হিসেবে আখ্যায়িত করা কতদূর যুক্তিসঙ্গত, বিচার করো।

১+১+১২=১৪



অথবা

(গ) উনিশ শতকে বাংলা নাটকের উৎপত্তি ও ক্রমবিকাশের
ধারায় প্রধান দুজন নাট্যকারের নাম উল্লেখ করো। তাদের
একটি করে নাটকের নাম লেখো এবং যে কোনো একজন
নাট্যকার প্রসঙ্গে বিস্তৃত পরিচয় দাও।

২+২+১০=

২। (ক) কবি বিহারীলাল চক্রবর্তীর প্রথম কাব্যগ্রন্থটির নাম কী?
কে তাঁকে 'ভোরের পাখী' আখ্যা দিয়েছিলেন? উনিশ
শতকে বাংলা গীতিকাব্যের জনক হিসেবে বিহারীলালের
কৃতিত্ব পরিমাপ করো।

১+১+১২=

অথবা

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি রূপক ও সাংকেতিক নাটকের
নাম লেখো। তাঁর রূপক-সাংকেতিক নাটকগুলির সংক্ষিপ্ত
পরিচয় দাও।

২+১২=

অথবা

(গ) বাংলা সাহিত্যে শরৎচন্দ্র বিরচিত দুখানি উপন্যাসের নাম
লেখো এবং উপন্যাসিক হিসেবে তাঁর কৃতিত্বের পরিচয়
তুলে ধরো।

২+১২=

৩। (ক) তানপ্রধান ছন্দের সংজ্ঞা নিরূপণ করে উদাহরণসহ এই
ছন্দের বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ করো।

৩+৯

অথবা

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো দুটি) :

৬×২

(১) এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ।

মরণে তাহাই তুমি করে গেলে দান ॥

